একুশ মানে : সামাজিক কু প্রথার বিরুদ্ধে আন্দোলন
একুশ মানে : বাড়িয়ে দেয়া বন্ধুত্বের হাত
একুশ মানে : ভ্রাতৃত্বের বন্ধন
একুশ মানে : সরাসরি কথা বলা
একুশ মানে : ঈর্ষা কাতরতা নয়
একুশ মানে : নন্দিত মনের সুন্দর ভুবন

একুশ নিউজ মিডিয়া
Ekush News Media
6362-302 Hollywood Blvd, Hollywood, CA 90028
(818) 266 7539 / (213) 925 4652 / Fax (877) 226-4524

হলিউডের বাংলা পত্রিকা
একুশ
21 Ekush
Bangla Newspaper from Hollywood
Ekush.info

ইমিগ্রেশন

এসাইলামের মাধ্যমে প্রাপ্ত অনুমোদনকারীকে দেশের বাইরে যেতে হলে অনুমতির প্রয়োজন

নতুন বছরের (৪ জানুয়ারি, ২০০৭) ইউএস ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকুরিটির ইউএস সিটিজেনশীপ এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, যেকোনো এসাইলাম আবেদনকারী, এসাইলিস এবং স্থায়ী বসবাসকারী (যারা এসাইলামের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন) তাদের প্রত্যেকেই যদি দেশের বাইরে যেতে চান, তাদেরকে অবশ্যই অনুমতি নিতে হবে।

ইউএসএর বাইরে ভ্রমণের নিয়মাবলী : ভেতরের পাতায় পড়ুন

Volume 02, Issue 19, January 19, 2007 ■ Hollywood, California, USA ■ www.ekush.info ■ Bengali Community Newspaper ■ জানুয়ারি ১৯, ২০০৭, শুক্রবার ■ মাঘ ৬, ১৪১৩

কি হয়েছিল নতুন প্রধান উপদেষ্টা নিয়োগের আগে ও পরে

একুশ প্রতিবেদক : বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফখরুদ্দীন আহমদকে নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা নিয়োগ করা হয়েছে। গত ১২ জানুয়ারি শুক্রবার সন্ধ্যা ৭টায় বঙ্গভবনের দরবার হলে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে তিনি প্রধান উপদেষ্টা হিসেবে শপথ গ্রহণ করেন। রাষ্ট্রপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ তাকে শপথবাক্য পাঠ করান। দেশের রাজনৈতিক অঙ্গনের চরম সংকট মুহূর্তে তাকে এ দায়িত্ব নিতে হলো। প্রধান উপদেষ্টা হিসেবে ফখরুদ্দীন আহমদের এ দায়িত্ব গ্রহণের মাধ্যমে চলমান সংকটের অবসান হবে বলে আশা করা হচ্ছে। নতুন প্রধান উপদেষ্টা ও তার তত্ত্বাবধায়ক সরকারের সামনে এখন স্বল্পতম সময়ের মধ্যে সকল দলের অংশগ্রহণে একটি সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের কঠিন চ্যালেঞ্জ। প্রধান উপদেষ্টার শপথ গ্রহণ অনুষ্ঠানে মহাঐক্যজোটের প্রধান নেত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা, মহাজোটের শরিক দলগুলোর শীর্ষ নেতাদের মধ্যে জাতীয় পার্টির চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি এইচ এম এরশাদ, এলডিপির সভাপতি ও সাবেক রাষ্ট্রপতি অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী, ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আব্দুল জলিলসহ অধিকাংশ প্রেসিডিয়াম সদস্য, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ড. মুহম্মদ ইউনুসসহ সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনের বিশিষ্ট ব্যক্তিবর্গ, তিন বাহিনীর প্রধানগণ, –বাকি অংশ **নিয়োগে আগে ও পরে ১০-এর পাতায়**

নিষেধাজ্ঞা প্রত্যাহার ২৪ ঘণ্টা পর টিভি চ্যানেলের সংবাদ প্রচার

একুশ প্রতিবেদক : প্রায় ২৪ ঘণ্টা পর গণমাধ্যমের ওপর আরোপিত নিষেধাজ্ঞা সরকার প্রত্যাহার করে নেয়। তত্ত্বাবধায়ক সরকারের নবনিযুক্ত প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ গত শুক্রবার বঙ্গভবনে শপথ নেওয়ার পরপরই সংশি-ষ্ট কর্মকর্তাদেরকে এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের নির্দেশ দেন। সঙ্গে সঙ্গে চ্যানেলগুলো সংবাদ প্রচার শুরু করে। নিষেধাজ্ঞা প্রত্যাহারের পর প্রথমে রাত ৮টায় চ্যানেল আই এবং সাড়ে ৮টায় এটিএন সংবাদ বুলেটিন প্রচার শুরু করে। অবসান হয় অবাধ তথ্য প্রবাহের ওপর ২৪ ঘণ্টার নিষেধাজ্ঞার। গত বৃহস্পতিবার বাকি অংশ **নিষেধাজ্ঞা প্রত্যাহার ১০-এর পাতায়**

কূটনীতিকদের সম্পর্কে অশ্লীল মন্তব্য করায় কয়েকটি দেশে নিষিদ্ধ হতে পারেন ব্যারিস্টার নাজমুল হুদা

মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ও ব্রিটিশ হাইকমিশনারসহ কয়েকজন বিদেশী কূটনীতিক সম্পর্কে অশ্লীল মন্তব্য করায় বিএনপির সহসভাপতি ও সাবেক যোগাযোগমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদাকে কয়েকটি দেশে নিষিদ্ধ ঘোষণা করা হতে পারে। উল্লেখ্য, দেশের চলমান রাজনৈতিক সংকট নিরসনের জন্য বিশেষ করে সব রাজনৈতিক দলের অংশগ্রহণে –বাকি অংশ **ব্যারিস্টার নাজমুল হুদা ১০-এর পাতায়**

নির্বাচন কমিশনে ঢাকার ৬ প্রার্থীর তথ্য দাখিল

রাজধানীতে বিএনপির ৬ প্রার্থীর মধ্যে সবচেয়ে ধনী হলেন মোসাদ্দেক আলী ফালু। অন্যদিকে সাবেক মন্ত্রী মির্জা আব্বাস তার সঞ্চয়ের পরিমাণ ২ লাখ টাকা বলে উল্লেখ করেছেন। নির্বাচনের প্রার্থীদের আয়ের উৎস ও সম্পত্তির হিসাব জানানোর জন্য আয় প্রার্থীদের সঙ্গে বিএনপির ঢাকা মহানগরীর ছয় তারকা প্রার্থীও তাদের এসব তথ্য রিটার্নিং কর্মকর্তার কাছে জমা দিয়েছেন। **এই ৬ প্রার্থী হলেন :** আলহাজ মোহাম্মদ মোসাদ্দেক আলী ফালু (ঢাকা-১০), মির্জা আব্বাস (ঢাকা-৬), আলহাজ নাসির উদ্দিন আহমেদ পিন্টু (ঢাকা-৮), –বাকি অংশ **৬ প্রার্থীর তথ্য দাখিল ১০-এর পাতায়**

কালো টাকা মুক্ত নির্বাচনের ব্যবস্থা করবো : মইনুল

একুশ প্রতিবেদক : বিচার বিভাগ পৃথকীকরণ ও কালো টাকা মুক্ত নির্বাচনের ব্যবস্থা করবো বলে মন্তব্য করেছেন আইন উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন। তিনি আরো বলেন, জরুরি অবস্থার মধ্যে আমরা দায়িত্ব গ্রহণ করেছি। টার্গেট হচ্ছে একটি সুষ্ঠু নির্বাচন করা। সাংবিধানিক পদ্ধতিতে একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন করতে হবে। নির্বাচন শুধু ভোট দেওয়া নয়, জনগণের অধিকার প্রতিষ্ঠা করা। গত –বাকি অংশ **কালো টাকা মুক্ত ১০-এর পাতায়**

যতো শিগগির সম্ভব নির্বাচন চায় বিএনপি

গত রোববার হাওয়া ভবনে বিএনপির স্থায়ী কমিটির সভায় যতো শিগগির সম্ভব নির্বাচন করে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের দাবি জানানো হয়। সেই সঙ্গে জরুরি অবস্থার নামে অহেতুক যাতে জনগণকে হয়রানি না করা হয় সেজন্য সংশি-ষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়। সভায় বলা হয় কতিপয় রাজনৈতিক দলের সহিংসতার কারণে রাষ্ট্রপতি জরুরি অবস্থা ঘোষণা করেছে। তবে এ ব্যবস্থা সাময়িক এবং অতি দ্রুত অবাধ ও সুষ্ঠু পরিবেশে নবম জাতীয় সংসদ নির্বাচন হবে বলে বৈঠকে আশাবাদ ব্যক্ত করা হয়।
গত ১৩ জানুয়ারি রোববার হাওয়া ভবনে সন্ধ্যা সাড়ে ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত বিএনপির স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সভাপতিত্বে এ বৈঠকে দলের সকল স্থায়ী কমিটির সদস্য উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যরা হলেন এম সাইফুর রহমান, আবদুল মান্নান ভুঁইয়া, খোন্দকার দেলোয়ার হোসেন, আবদুল মতিন চৌধুরী, ড. খন্দকার মোশাররফ হোসেন, ব্যারিস্টার মওদুদ আহমদ, চৌধুরী তানভীর আহমেদ সিদ্দিকী, ড. আর এ গনি, কে এম ওবায়দুর রহমান এবং এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন আহমদ।

প্রধান উপদেষ্টা ইয়াজউদ্দিনের দিনগুলি এবং কারফিউ

উত্তপ্ত রাজনৈতিক পরিবেশে নিজ আগ্রহে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণের ৭৫ দিনের মাথায় সেই দায়িত্ব থেকে সরে দাঁড়ালেন রাষ্ট্রপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহম্মেদ। আর এই আড়াই মাসে বাংলাদেশের রাজনীতির ইতিহাসে তিনি জন্ম দিয়ে গেলেন নানা বিতর্কিত ও বিচিত্র ঘটনার। তবে গত ১১ ডিসেম্বর রাতে প্রধান উপদেষ্টার পদ থেকে পদত্যাগের আগে বাকি অংশ **ইয়াজউদ্দিনের দিনগুলি ১০-এর পাতায়**

মার্কিন নাগরিকদের বাংলাদেশ ভ্রমণ পরিহারের আহ্বান

পররাষ্ট্র দপ্তরের সতর্কবাণী

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর এক সতর্ক বার্তায় মার্কিন নাগরিকদের আপাতত বাংলাদেশ সফর পরিহারের আহ্বান জানিয়েছে। গত শনিবার এ বিষয়ে একটি সার্কুলার জারি করা হয়েছে। বর্তমান পরিস্থিতির কারণে বাংলাদেশ সরকার জরুরি অবস্থা ঘোষণা করেছে। সাময়িকভাবে কারফিউ প্রত্যাহার করা হলেও এটা যে কোনো সময় আবার চালু করার সম্ভাবনা রয়েছে। এজন্য নতুন ঘোষণা না দেওয়া পর্যন্ত আমেরিকানদের বাংলাদেশ সফর পরিহারের আহ্বান জানানো হয়েছে। মার্কিন পররাষ্ট্র দপ্তর থেকে ইস্যুকৃত বাকি অংশ **বাংলাদেশ ভ্রমণ ১০-এর পাতায়**

রাষ্ট্রপতির তথ্য উপদেষ্টা মোখলেছুর রহমানের পদত্যাগ করেছেন

নতুন তত্ত্বাবধায়ক সরকারের আগমনে বঙ্গভবনে রাষ্ট্রপতির পরই ক্ষমতাশালী ব্যক্তি রাষ্ট্রপতির তথ্য উপদেষ্টা মোখলেছুর রহমান চৌধুরীর বিদায় হয়েছে। তবে তার ব্যক্তিগত সূত্রে বলা হয়েছে, রাষ্ট্রপতির উপদেষ্টা মোখলেছুর রহমান চৌধুরী গত শুক্রবার বিকালে পদত্যাগ করেছেন। তিনি বলেন, বিকালেই তিনি পদত্যাগপত্র বঙ্গভবনে পাঠিয়ে দিয়েছেন। তিনি দাবি করেন, বৃহস্পতিবার রাতে রাষ্ট্রপতির দেওয়া ভাষণের কিছু বিষয়বস্তুর সঙ্গে দ্বিমত পোষণ করে তিনি পদত্যাগ করেন। রাষ্ট্রপতি ড. ইয়াজউদ্দিন আহম্মেদের প্রেস সচিব থেকে রাতারাতি –বাকি অংশ **মোখলেছুর রহমানের ১০-এর পাতায়**

বিদেশে পাড়ি জমাচ্ছেন আজিজ-জাকারিয়া!

শেষমেশ ছুটি বাদ দিয়ে পদত্যাগ করেই বিদেশে পাড়ি জমাচ্ছেন সিইসি আজিজ এবং কমিশনার স ম জাকারিয়া। নিরাপত্তা ও আত্মমর্যাদার কথা চিন্তা করে তারা এই সিদ্ধান্ত নিয়েছেন বলে নির্ভরযোগ্য সূত্র জানায়। আর বদলির সুস্পষ্ট ইঙ্গিত পেয়ে গত ১৩ জানুয়ারি নিজ থেকেই কমিশন ছেড়ে যাওয়ার ইচ্ছা ব্যক্ত করেছেন ইসি সচিব মোঃ আব্দুর রশীদ সরকার।
গত ১৩ জানুয়ারি প্রধান উপদেষ্টার দপ্তর থেকে নির্বাচনের সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষ্যে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনার উদ্যোগ গ্রহনের জন্য নির্বাচন কমিশনকে দিকনির্দেশনা দেওয়া হয়েছে। কিন্তু বর্তমান বিতর্কিত কমিশনের সঙ্গে হয়তো রাজনৈতিক দলগুলো আলোচনা করতে রাজি হবে না এবং এই কমিশনকে দিয়ে আদৌ গ্রহণযোগ্য নির্বাচন সম্ভব নয় বিধায় আলোচনা বাকি অংশ **আজিজ-জাকারিয়া ১০-এর পাতায়**

একুশের চোখে টপ টেন

গত সংখ্যায় একুশের আয়োজন ছিল ২০০৬-এর কার্যক্রমের উপর ভিত্তি করে শ্রেষ্ঠ দশ জনের নাম ঘোষণা। প্রবাসী কমিউনিটির মধ্যে সক্রিয় ভূমিকা, কার্যক্রম, কবি, লেখক, সাংবাদিক, ফটোগ্রাফার, সংস্কৃতি অঙ্গনে কার্যক্রমের উপর ভিত্তি করে এসব অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে। একুশের বিচারে এবারে অ্যাওয়ার্ড ২০০৬-এর মাধ্যমে প্রবাসী কমিউনিটিতে নতুন এক অধ্যায়ের সূচনা হলো। এতে করে যারা অ্যাওয়ার্ড পেয়েছে তারা আরো সমাজের জন্য কাজ করবে এবং যারা পান নাই তারাও আরো সক্রিয়ভাবে কাজ করে যাবেন। একুশ তার ধারাবাহিকতা বজায় রেখে প্রতি বছর অ্যাওয়ার্ড দেওয়ার চেষ্টা করবে। আগামীতে বিচারক মন্ডলির মাধ্যমে কমিউনিটির আরো সক্রিয় মুখ স্থান পাবে। কমিউনিটির জন্য যারা সত্যিকারের নিবেদিতপ্রাণ তারা আরো বেশি উৎসাহিত হয়ে কমিউনিটির সেবা করুক সে লক্ষ্যেই টপ টেন-এর আয়োজন।

ব্যাংকার থেকে প্রধান উপদেষ্টা

তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে বিশিষ্ট ব্যাংকার ও অর্থনীতিবিদ ড. ফখরুদ্দীন আহমদ গত ১২ জানুয়ারি শুক্রবার সন্ধ্যায় শপথ গ্রহণ করেছেন। তিনি শপথগ্রহণের আগমুহূর্ত পর্যন্ত পল্লী কর্মসংস্থান ফাউন্ডেশনের (পিকেএসএফ) ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এর আগে ২০০১ সালের ২৯ নভেম্বর তিনি বাংলাদেশ ব্যাংকের গভর্নর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং ২০০৫ সালের ৩০ এপ্রিল পর্যন্ত এ দায়িত্ব পালন করেন। বাংলাদেশ ব্যাংকে যোগদানের আগে তিনি বিশ্বব্যাংকে কর্মরত ছিলেন। ড. ফখরুদ্দীন আহমদ ১৯৪০ সালের ১ মে মুন্সীগঞ্জ জেলার অন্তর্গত টঙ্গীবাড়ি উপজেলার নগরকান্দি গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার বাকি অংশ **ব্যাংকার থেকে ১০-এর পাতায়**

প্রধান উপদেষ্টার যেভাবে কাজ শুরু করেছেন

ড. ফখরুদ্দীন আহমদ তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে গত ১৩ জানুয়ারি শনিবার থেকেই দায়িত্ব পালন শুরু করেছেন। সকালে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় যান তিনি। ওই ভবনটিকে তিনি তার সরকারি বাসভবন হিসেবে ব্যবহার করতে শুরু করেছেন। সে কারণে প্রশাসন ওই ভবনের সামনের রাস্তায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। বেশ কিছু দিন ধরে রাষ্ট্রীয় অতিথি ভবন নীরব ছিল। প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ ওই ভবনে ওঠার কারণে সেখানে কর্মচাঞ্চল্য সৃষ্টি হয়েছে। সকালেই রাষ্ট্রীয় অতিথি ভবনে প্রধান উপদেষ্টার সঙ্গে দেখা করেন মন্ত্রিপরিষদ বিভাগের সচিব আলী ইমাম মজুমদার। তিনি প্রধান উপদেষ্টার কাছ থেকে প্রাথমিক কাজকর্ম বুঝে নেন।
ওই ভবন থেকে ড. ফখরুদ্দীন দুপুর ১২টার কিছু পর যান তেজগাঁওয়ের প্রধান উপদেষ্টার কার্যালয়ে। তিনি প্রথমে শুভেচ্ছা বিনিময় করেন সেখানকার কর্মকর্তাদের সঙ্গে। তিন বাহিনীর প্রধান তার সঙ্গে সেখানে দেখা করেন। বিকাল সাড়ে ৪টার দিকে তিনি সাভার জাতীয় স্মৃতিসৌধে যান। তিনি মুক্তিযুদ্ধের লাখো শহীদের স্মৃতির উদ্দেশে সেখানে শ্রদ্ধা নিবেদন করেন।

১৩ জানুয়ারি শপথ নেন ৫ উপদেষ্টা

১৬ জানুয়ারি শপথ নেন ৩ উপদেষ্টা

তত্ত্বাবধায়ক সরকারের আরো ৩ উপদেষ্টার শপথ গ্রহণ

একুশ প্রতিবেদক : তত্ত্বাবধায়ক সরকারের আরো ৩ উপদেষ্টা নিয়োগ করা হয়েছে। নবনিযুক্ত উপদেষ্টারা হলেন প্রখ্যাত এইডস বিশেষজ্ঞ মেজর জেনারেল (অব.) ডা. মতিউর রহমান, সাবেক সচিব আইয়ুব কাদরী ও পুলিশের সাবেক আইজি আনোয়ারুল ইকবাল। রাষ্ট্রপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহম্মেদ গত মঙ্গলবার বঙ্গভবনে তাদের শপথবাক্য পাঠ করান। আগামী দুয়েকদিনের মধ্যে বাকি ২ উপদেষ্টা নিয়োগ করা হতে পারে। প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ ছাড়াও এ সময় উপস্থিত ছিলেন ৫ উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন, মীর্জা আজিজুল ইসলাম, গীতিআরা সাফিয়া চৌধুরী, মেজর জেনারেল (অব.) এম এ মতিন ও তপন চৌধুরী, রাষ্ট্রপতির সচিব, সামরিক সচিবসহ পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তারা।

উল্লেখ্য, চরম রাজনৈতিক সংকটের মুখে গত ১১ জানুয়ারি প্রধান উপদেষ্টার পদ থেকে ইস্তফা দেন রাষ্ট্রপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহম্মেদ। পদত্যাগ করেন অন্য উপদেষ্টারাও। ১২ জানুয়ারি প্রধান উপদেষ্টা হিসেবে শপথ নেন ড. ফখরুদ্দীন আহমদ। পরদিন অর্থাৎ ১৩ জানুয়ারি শপথ নেন ৫ উপদেষ্টা। এর ৪ দিন পর গত মঙ্গলবার শপথ নিলেন আরো ৩ উপদেষ্টা। সংবিধান অনুযায়ী উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা হবে অনধিক ১০ জন। গতকাল পর্যন্ত ৮ জন উপদেষ্টা শপথ নিয়েছেন। বাকি ২ উপদেষ্টাও আগামী দুয়েক দিনের মধ্যে শপথ নেবেন বলে ধারণা করা হচ্ছে।

এরশাদের সাজা ভোগ শেষ

একুশ ঢাকা ডেস্ক :
ভিয়েতনামজাপানি নৌযান ক্রয় সংক্রান্ত দুর্নীতি মামলায় সাবেক রাষ্ট্রপতি এইচএম এরশাদের সাজা ভোগ শেষ হয়ে গেছে উল্লেখ করে তাকে মুক্ত থাকার নির্দেশ দিয়েছে আদালত। গত জানুয়ারি ১৭ এরশাদ ঢাকার প্রথম অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে হাজির হয়ে আত্মসমর্পণ করলে উভয়পক্ষের শুনানির পর বিচারক মো. আমিরুল ইসলাম দুপুরে এ আদেশ দেন। এরশাদের আইনজীবী ব্যারিস্টার রোকনউদ্দিন মাহমুদ জানিয়েছেন, এরশাদ যেহেতু কারাদণ্ডদেশ ভোগ করে ফেলেছেন এবং দণ্ডভোগের পর ৫ বছর অতিক্রান্ত হয়ে গেছে ফলে তার নির্বাচনে অংশ নেওয়ার ওপর আর কোনো বাধা থাকবে না। রায় ঘোষণার পর এরশাদের আইনজীবীরা সাংবাদিকদের বলেন, 'হাওয়া ভবনের প্রভাবমুক্ত আদালতের সঠিক বিচারই এরশাদ পেয়েছেন।' এরশাদ বলেছেন 'আমার বিরুদ্ধে দায়ের করা সকল মামলাই রাজনৈতিক, হয়রানিমূলক। এ মামলায় আজ ন্যায় বিচার পেলাম।'

ডিপজলের বাসা থেকে অস্ত্র-গুলি উদ্ধার

চট্টগ্রামে দস্তগীর ও নুরুল্লা বাহার গ্রেপ্তার

গত সোমবার রাতে ৯ নম্বর ওয়ার্ড কমিশনার, বিএনপি নেতা, চলচ্চিত্রে খল অভিনেতা মনোয়ার হোসেন ডিপজলের মিরপুর বাসায় সেনাবাহিনীর তত্ত্বাবধানে র‍্যাব ও পুলিশ অভিযান চালায়। এসময় তার বাসা থেকে ২টি টু টু বোর রাইফেল, ২টি শটগান, ১টি দোনালা বন্দুক ও ১টি এয়ারগান এবং ৩১৭ রাউন্ড শটগানের গুলি, ৬৯ রাউন্ড পিস্তলের গুলি ও ৯৯ রাউন্ড টু টু বোর রাইফেলের গুলি উদ্ধার করে। ঐ সময় মনোয়ার হোসেন ডিপজল বাসায় ছিলেন না। পরে –বাকি অংশ **ডিপজলের বাসা থেকে অস্ত্র ১০-এর পাতায়**

অবাধ সুষ্ঠু নির্বাচন হবে বলে জাতিসংঘের আশাবাদী

একুশ ডেস্ক : গত বৃহস্পতিবার বাংলাদেশে জরুরি অবস্থা ঘোষণার পর জাতিসংঘ মহাসচিব বান কি মুনের পক্ষে তার মুখপাত্র ফারহান হক এক বিবৃতিতে বলেন, পরিবর্তিত পরিস্থিতিতে বাংলাদেশে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে আশাবাদী জাতিসংঘ। জাতিসংঘ মহাসচিবের বিবৃতিতে বলা হয়েছে, গত বৃহস্পতিবার থেকে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটেছে। জাতিসংঘ আশা করছে, জাতির উদ্দেশে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি যে বক্তব্য উপস্থাপন করেছেন তার মাধ্যমে বাংলাদেশের অস্থিরতা দূর হবে এবং অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও সকলের কাছে গ্রহণযোগ্য একটি নির্বাচনের পরিবেশ সৃষ্টিতে সহায়ক হবে।
বিবৃতিতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন প্রসঙ্গে বলা হয়েছে, জাতিসংঘের রাজনৈতিক ও শান্তিরক্ষা মিশনের ঊর্ধ্বতন কর্মকর্তারা বাংলাদেশে বাকি অংশ **সুষ্ঠু নির্বাচন হবে বলে জাতিসংঘের ১০-এর পাতায়**

৯/১১ হামলার দায়ে মরক্কোর এক নাগরিক অভিযুক্ত

একুশ ডেস্ক : ২০০১ সালের ১১ সেপ্টেম্বরের (৯/১১) হামলার অভিযোগে মরক্কোর এক নাগরিককে দোষী সাব্যস্ত করা হয়েছে। দোষী সাব্যস্ত হওয়া মরোক্কানের নাম মুনির আল মোতাসাদ্দেক। তিনি আত্মঘাতী তিনজন পাইলটের বন্ধু। ৯/১১ হামলার সঙ্গে সম্পৃক্তার অভিযোগে তার ১৫ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। এর আগে হামবুর্গের একটি আদালত থেকে খালাস পান। তবে গত নভেম্বর মাসে ফেডারেল আপিল কোর্টের রায়ে বলা হয়, হামলার সঙ্গে সরাসরি জড়িত থাকার পরও হামবুর্গের আদালতের বিচারক ভুল করে –বাকি অংশ **৯/১১ ১০-এর পাতায়**

২২ জানুয়ারি নির্বাচন হচ্ছে না : সিইসি মাহফুজ

একুশ রিপোর্ট : অবশেষে গতকাল সোমবার বিকালে ভারপ্রাপ্ত প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) বিচারপতি মাহফুজুর রহমান এই প্রথম বারের মতো স্বীকার করলেন, আগামী ২২ জানুয়ারি নির্বাচন হচ্ছে না। দেশে জরুরি অবস্থা জারির ৫ দিনের মাথায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। তবে কমিশন এখনো নির্বাচনের ঘোষিত তফসিল বাতিল কিংবা স্থগিত করেনি বলে উল্লেখ করেন তিনি। তাহলে কতো দিনের মধ্যে নির্বাচন হতে পারে? – এ প্রশ্নের সরাসরি কোনো জবাব দেননি বিচারপতি মাহফুজ। তবে তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকারের সঙ্গে আলোচনা করে নির্ভুল ভোটার তালিকা প্রণয়ন ও ভোটার আইডি কার্ড তৈরির ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। উল্লেখ্য, রাষ্ট্রপতি গত ১১ জানুয়ারি বিকালে সারা দেশে জরুরি অবস্থা ঘোষণার পর নবম জাতীয় সংসদ নির্বাচনের সকল কার্যক্রম স্থগিত হয়ে যায়। কিন্তু কমিশন থেকে এ ব্যাপারে এখনো পর্যন্ত আনুষ্ঠানিকভাবে কিছু বলা হয়নি। পর্যবেক্ষক মহলের মতে, –বাকি অংশ **২২ জানুয়ারি নির্বাচন হচ্ছে না ১০-এর পাতায়**

প্রবল ঠাণ্ডার কারণে ক্যালিফোর্নিয়ায় জরুরি অবস্থা ঘোষণা

একুশ ডেস্ক : তুষারপাত ও প্রবল ঠাণ্ডার কারণে ক্যালিফোর্নিয়ায় জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে। হিম শীতল আবহাওয়া ও বরফ বাকি অংশ **প্রবল ঠাণ্ডার কারণে** ২-এর পাতায়

রিয়াল ছেড়ে লস এঞ্জেলেস গ্যালাক্সিতে বেকহাম। বেকহামেরস্ত্রী সাবেক স্পাইস গার্ল ভিক্টোরিয়া

লস অ্যাঞ্জেলেসের গ্যালাক্সিতে বেকহাম

আমেরিকার ফুটবলে আগ্রহী তরুণদের নিয়ে কাজ করতে চান বেকহাম। বিশেষ করে যারা যুব লিগ শেষ করে আসছে। তিনি বলেন, 'আমি এখানে সুপারস্টার হতে আসিনি। আমি এখানে এসেছি দলের অংশ হতে, পরিশ্রম করে দলকে কিছু উপহার দিতে চাই আমি। আমি এখানে কেবল ফুটবল খেলতেই এসেছি। –বাকি অংশ **লস এঞ্জেলেসের গ্যালাক্সিতে বেকহ্যম** ১০-এর পাতায়

নজরদারির মধ্যে রয়েছেন বেশ কিছু প্রভাবশালী নেতা

আত্মগোপনে বড়ো বড়ো রাজনৈতিক নেতারা

একুশ প্রতিনিধি : দেশে জরুরি অবস্থা জারি ও তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার পদ থেকে ইয়াজউদ্দিন আহম্মেদের পদত্যাগের সঙ্গে সঙ্গে প্রভাবশালী বেশ কিছু নেতা আত্মগোপন করেছেন। এই পরিস্থিতিতে চারদলীয় জোটের জরুরি বৈঠকেও অনেক নেতা অনুপস্থিত থাকছেন বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। তাদের ব্যক্তিগত মোবাইল ফোনও বন্ধ রয়েছে।
অন্যদিকে আওয়ামী লীগের কয়েকজন নেতাও আত্মগোপনে আছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য হাজী সেলিম ও শামীম ওসমান। ইতিমধ্যেই অপর একজন নেতা কামাল আহমেদ মজুমদারকে গ্রেপ্তার করে জেলে পাঠানো হয়েছে। সাঁড়াশি অভিযানের মুখে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন জোট সরকারের আমলে দুর্নীতিবাজ হিসেবে যারা খ্যাতি পেয়েছেন এমন সিনিয়র নেতারা। আত্মগোপনে যাওয়া নেতাদের মধ্যে ইতিমধ্যেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বিএনপি ও জামাত নেতাদের মধ্যেও কয়েকজন রয়েছেন। এছাড়া জোট সরকারের গত ৫ বছরে প্রভাব খাটিয়ে এবং দুর্নীতির মাধ্যমে যে সব নেতারা কোটি কোটি টাকার মালিক হয়েছেন তারাও পলাতক রয়েছেন। একইভাবে চারদলীয় জোটের কমপক্ষে দুই ডজন প্রভাবশালী নেতা গোয়েন্দা নজরদারিতে –বাকি অংশ **আত্মগোপনে বড়ো বড়ো ১০-এর পাতায়**

স্বাস্থ্য কণিকা
৭-এর পাতায়

স্বাধীনতা যুদ্ধে ফরাসি এডভোকেট মেরী ফ্রন্স স্মীডলীনের অবদান
৫-এর পাতায়

কনজিউমারর্স রিপোর্ট
৭-এর পাতায়

বিনোদন
৬-এর পাতায়

বালার পরবর্তী কর্মসূচি
৩-এর পাতায়

সান এর রিপোর্ট
৫-এর পাতায়